10317

BENG2021

# 3 Yr. Degree/4 Yr. Honours 2nd Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG2021 (MINOR)

**(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)**

**Time: 3 Hours** **Full Marks: 60**

*The figures in the right hand margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। নিম্নলিখিত *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) চর্যাপদের পুথি কে, কবে আবিষ্কার করেন?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট কয়টি খণ্ড আছে? শেষ খণ্ডটির নাম কী?

(গ) মালাধর বসুর গ্রন্থটির নাম কী? তিনি ভাগবতের কোন দুটি স্কন্ধের অনুবাদ করেন?

(ঘ) মহাভারতের প্রথম বাংলা অনুবাদকের নাম কী? তাঁর উপাধি কী ছিল?

(ঙ) মনসামঙ্গলের আদি কবি কে? বিপ্রদাস পিপলাইয়ের মঙ্গলকাব্যটির নাম কী?

(চ) বৃন্দাবনদাসের চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী? এর কয়টি খণ্ড ও কী কী?

(ছ) 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' কার রচনা? রচনাকার কোথায় জন্মগ্রহণ করেন?

(জ) চৈতন্যদেব কোন বৈষ্ণব কবির পদ আস্বাদন করতেন? সেই পদকর্তা কোন সময়ের কবি?

(ঝ) ধর্মমঙ্গলের দু-জন প্রধান কবির নাম লেখো।

(ঞ) দৌলত কাজীর আখ্যানকাব্যটির নাম কী? তিনি কোন শতকের কবি?

(ট) ভারতচন্দ্রের প্রধান কাব্যটির নাম কী? তিনি কোন রাজার সভাকবি ছিলেন?

(ঠ) রামপ্রসাদ সেন কোন শতাব্দীর কবি? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

(ড) বাউল সাধনার মূল কথাটি লেখো।

(ঢ) চণ্ডীমঙ্গলের রচয়িতা মুকুন্দ চক্রবর্তীর উপাধি কী ছিল? তাঁর মঙ্গলকাব্যটির নাম কী?

(ণ) চৈতন্য-পূর্ববর্তী কালের দু-জন বৈষ্ণবপদ রচয়িতার নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বৈষ্ণব পদসাহিত্যে বিদ্যাপতির কবিপ্রতিভার পরিচয় দাও।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য রচনায় বড়ু চণ্ডীদাসের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

(গ) রামায়ণের অনুবাদক কৃত্তিবাস ওঝার কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) বৃন্দাবনদাসের চৈতন্যজীবনী গ্রন্থটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) নাথসাহিত্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(চ) শাক্ত পদাবলীসাহিত্যে কমলাকান্ত ভট্টাচার্যের অবদান সংক্ষেপে আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) চর্যাপদের সাহিত্যমূল্য বিচার করো।

(খ) বৈষ্ণব পদাবলীসাহিত্যে গোবিন্দদাসের অবদান আলোচনা করো।

(গ) মধ্যযুগের রোমান্টিক আখ্যানকাব্য রচনায় দৌলত কাজীর প্রতিভা সম্পর্কে আলোচনা করো।

(ঘ) 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনিটি সংক্ষেপে উল্লেখ করে এই কাব্যের প্রধান একজন কবির কবিপ্রতিভার পরিচয় দাও।

---